

## বাগেরহাটে

### মাদ্রাসায়

শিক্ষার কার্যক্রম

## ছাত্রলীগের তাওব

বাগেরহাট প্রতিনিধি •

বাগেরহাটের মোরেলগঞ্জ আবু হুরাইরা দাখিল মাদ্রাসা ও এতিমখানায় গতকাল সোমবার ব্যাপক তাওবের চাপিয়েছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। তারা মাদ্রাসার হিসাবরক্ষণ কর্মকর্তা ও এক ছাত্রকে বেদম মারধরও করেছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা আড়াইটার দিকে মোরেলগঞ্জ উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম শামীমের নেতৃত্বে ৪০-৫০ জনের একটি দল লাঠিসোটা নিয়ে মাদ্রাসায় হুমুসা চালায়। স্বর পেয়ে মাদ্রাসার অধ্যক্ষসহ অন্য শিক্ষকেরা আগেই পাণ্ডিয়ে যান। হামলাকারীরা অধ্যক্ষকে না পেয়ে মাদ্রাসা ভবনের ১২টি কক্ষের দরজা, জানালা, বেঞ্চ, চেয়ার, টেবিল ও সিপিং ফ্যান ভাঙচুর করে। পরে তারা অধ্যক্ষের কার্যালয়ে ঢুকে ব্যাপক তাওব চালায়। হামলাকারীরা অধ্যক্ষের কক্ষের আলমারি ভেঙে প্রয়োজনীয় কাগজপত্র বাইরে বের করে এনে আঙুন ধরিয়ে দেয়। একপর্যায়ে মাদ্রাসার হিসাবরক্ষণ কর্মকর্তা আবছাল হোসেন ও দশম শ্রেণীর ছাত্র আবিদুল ইসলামকে বেদম মারধর করে পুণিশে সোপর্ন করে তারা।

জানতে চাইলে ছাত্রলীগের নেতা আরিফুল ইসলাম প্রথম আলোকে বলেন, সকালে জামায়াত উপজেলা সদরে বিক্ষোভ মিছিল করে। দুপুরে জানতে পারি, জামায়াত পরিচালিত আবু হুরাইরা মাদ্রাসা থেকে ছাত্রলীগের নেতাদের ওপর হামলা চালানোর উদ্দেশ্যে জামায়াত-শিবিরের কয়েক শ নেতা-কর্মী জড়ো হয়েছে। এমন সংবাদ পেয়ে আমরা তাদের প্রতিহত করতে মাদ্রাসায় গেলে তারা দৌড়ে পাণ্ডিয়ে যায়।